গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ১টি ব্রডগেজ ও ১টি মিটারগেজ কোচ সংবলিত "বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমান রেল জাদুঘর" এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সংগৃহীত ৩০টি মিটারগেজ ও ১৬টি ব্রডগেজ লোকোমোটিভ-এর শুভ উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ২১/০৪/২০২২
সময় : ০৩:০০ ঘটিকা
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষে
(কক্ষ নং-৯৩০, ৯ম তলা)

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: "পরিশিষ্ট-ক"**

১.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপস্থিত কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে বিস্তারিত আলোচনার জন্য আহবান জানান।

২.০ অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, আগামী ২৭ এপ্রিল, ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ১টি ব্রডগেজ ও ১টি মিটারগেজ কোচ সংবলিত "বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমান রেল জাদুঘর" এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সংগৃহীত ৩০টি মিটারগেজ ও ১৬টি ব্রডগেজ লোকোমোটিভ-এর "শুভ উদ্বোধন" করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তিনি উক্ত অনুষ্ঠানকে সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক কার্যক্রম তদারকি ও সমন্বয়ের জন্য নিম্নোক্ত স্টিয়ারিং কমিটি গঠনের প্রস্তাব করেন:

স্টিয়ারিং কমিটি:

১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, আহবায়ক।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, সদস্য।
৩। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়, সদস্য।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়, সদস্য।
৫। অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়, সদস্য।
৬। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, সদস্য।
৭। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, সদস্য।
৮। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে, সদস্য।
৯। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম, সদস্য।
১০। যুগ্ম- মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, সদস্য-সচিব।

সিদ্ধান্তঃ সর্বসম্মতিক্রমে উক্ত স্টিয়ারিং কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩.০ অতিরিক্ত সচিব (প্রশাসন) উল্লেখ করেন যে, এ ধরণের উদ্বোধনী অনুষ্ঠান ইতোপূর্বে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক আয়োজন করা হয়েছে এবং সে আঙ্গিকে এ উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনে করণীয় সম্পর্কে একটি খসড়া চেকলিস্ট প্রণয়ন

করা হয়েছে। তাই উক্ত চেকলিষ্ট অনুযায়ী আলোচ্য অনুষ্ঠানটি বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণ করা যেতে পারেঃ

| ক্র: নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ/ চূড়ান্তকরণঃ<br>ক) গণভবন<br>খ) ঢাকা রেলওয়ে স্টেশন (কমলাপুর) | মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ১টি ব্রডগেজ ও ১টি মিটারগেজ কোচ সংবলিত “বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমান রেল জাদুঘর” এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সংগৃহীত ৩০টি মিটারগেজ ও ১৬টি ব্রডগেজ লোকোমোটিভ-এর শুভ উদ্বোধন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত ভেন্যু নির্ধারণ করা হয়েছে:<br>(ক) গণভবনে ভিডিও কনফারেন্সিং এর স্থান মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক নির্ধারণ করা; এবং<br>(খ) ঢাকা রেলওয়ে স্টেশন (কমলাপুর) | নির্বাহী কমিটি এবং অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। |
| ৩.২ | ক. দাওয়াত কার্ড চূড়ান্তকরণ ও ছাঁপানো | আলোচ্য উদ্বোধন অনুষ্ঠানের জন্য একটি দাওয়াত কার্ডের খসড়া প্রস্তুত করে মাননীয় মন্ত্রী ও সচিব এর অনুমোদন স্বাপেক্ষে চূড়ান্তকার্ড ছাপানো যেতে পারে। | ০১। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে |
| | খ. অতিথি তালিকা প্রস্তুত ও দাওয়াত কার্ড বিতরণ | • অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত করা;<br>• কার্ড ছাঁপানোর পর বিতরণ করা;<br>• আমন্ত্রিত অতিথিদের দাওয়াত কার্ড রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক যৌথভাবে বিতরণ। | ১। অতিরিক্তি সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br>৩। উপসচিব (প্রশাসন-৪) রেলপথ মন্ত্রণালয়<br>৪। সিনিয়র সিষ্টেম এ্যানালিষ্ট রেলপথ মন্ত্রণালয়<br>৫। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |
| ৩.৩ | অনুষ্ঠানসূচি প্রস্তুত | ভিডিও কনফারেন্স অনুষ্ঠান আয়োজনের জন্য অনুষ্ঠানসূচি চূড়ান্ত করে সংশ্লিষ্ট সকলকে জানাতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক)<br>২। উপসচিব (প্রশাসন-৬ অধিশাখা)<br>৩। উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা)<br>৪। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |
| ৩.৪ | ব্রশিওর, লিফলেট ও ফোল্ডার প্রস্তুত ও বিতরণ এবং ফোল্ডার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ | ব্রশিওর, লিফলেট ও ফোল্ডার চূড়ান্ত করে নির্ধারিত সংখ্যক ছাপাতে/প্রস্তুত করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক)<br>২। উপসচিব (পরিকল্পনা-২ অধিশাখা)<br>৩। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |
| ৩.৫ | ব্যানার তৈরি:<br>ক. মূল ব্যানার<br>খ. এক্স/স্ট্যান্ড ব্যানার<br>গ. স্লোগান, ফলক তৈরি | (ক) মূল ব্যানার ও এক্স স্ট্যান্ড ব্যানার তৈরির জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট সরবরাহ করার লক্ষ্যে ব্যানারের নমুনা (হার্ডকপি/সফটকপি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করে অনুমোদন গ্রহণ | ১। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক)<br>২। উপসচিব (প্রশাসন-২/উন্নয়ন-১ অধিশাখা) |

| ক্র: নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | করতে হবে।<br>(খ) উদ্বোধনী এলাকায় ব্যবহারের জন্য ব্যানার/এক্স স্ট্যান্ড ব্যানার প্রস্তুত করা; | |
| ৩.৬ | অংশগ্রহণকারীদের তালিকা:<br>ক. গণভবনে রিহার্সেল এবং মূল অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের তালিকা প্রস্তুত | গণভবনের অনুষ্ঠান উপলক্ষ্যে রিহার্সেল এবং মূল অনুষ্ঠানের জন্য অংশগ্রহণকারীদের তালিকা (মাননীয় মন্ত্রীর সাথে আলোচনাক্রমে) চূড়ান্ত করে নির্ধারিত সময়ের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br>২। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক)<br>৩। উপসচিব (প্রশাসন-৪/৬) রেলপথ মন্ত্রণালয়<br>৪। সিনিয়র সিষ্টেম এ্যানালিষ্ট রেলপথ মন্ত্রণালয়<br>৫। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |
| | খ. ঢাকা রেলওয়ে স্টেশন প্রান্তে উপস্থিতি | ঢাকা রেলওয়ে স্টেশন প্রান্তে অংশগ্রহণকারী অতিথিদের তালিকা প্রস্তুত এবং প্রস্তুতকৃত তালিকা রেলপথ মন্ত্রণালয়ে ২৫/০৪/২০২২ তারিখ পূর্বাহ্নে প্রেরণ নিশ্চিত করবে। | ১। অতিরিক্তি সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক)<br>৪। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |
| ৩.৭ | মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া | মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া চূড়ান্ত করণ | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.৮ | ডকুমেন্টরি প্রস্তুতঃ<br>ক. ৫ মিনিটের ভিডিও ডকুমেন্টারী<br>খ. উদ্বোধনী এ্যানিমেশন তৈরি | ভিডিও ডকুমেন্টারী তৈরির জন্য প্রয়োজনীয় তথ্য, উপাত্ত, ছবি, ভিডিও ইত্যাদি নিয়ে ৫ মিনিটের ভিডিও ডকুমেন্টারী ও উদ্বোধনী এ্যানিমেশন প্রস্তুত করে যথাসময়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ। | ১। অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে।<br>২। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |
| ৩.৯ | ঢাকা রেলওয়ে স্টেশন এবং ভেন্যু সজ্জিতকরণ | উদ্বোধনী অনুষ্ঠন উপলক্ষ্যে ঢাকা রেলওয়ে স্টেশন এবং ভেন্যু সজ্জিতকরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।<br>২। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। সার্বিক তত্ত্বাবধানে অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১০ | অনুষ্ঠানের প্রচারণা<br>ক) ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার;<br>খ)বিটিভি/বেতারে সরাসরি সম্প্রচার | অনুষ্ঠানটি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | ১। যুগ্মসচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়<br>২। সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়।<br>৩। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।<br>৪। পরিচালক ট্রাফিক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.১১ | অনুষ্ঠানস্থলে নিরবচ্ছিন্ন বিদুৎ সরবরাহ | অনুষ্ঠানস্থলে নিরবচ্ছিন্ন বিদুৎ সরবরাহের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা। | ০১। উপসচিব (প্রশাসন-৬ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়।<br>০২। বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। |

| ক্র: নং | কার্যক্রমের নাম | করণীয় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১২ | উদ্বোধনী অনুষ্ঠান স্থলে ফ্ল্যাগ, বাঁশি ও ট্রে সরবরাহ | অনুষ্ঠানের নিমিত্ত ফ্ল্যাগ, বাঁশি ও ট্রে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। প্রধান যন্ত্র প্রকৌশলী, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।<br><br>২। পরিচালক ট্রাফিক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। |
| ৩.১৩ | মোনাজাত ও অন্যান্য কার্যক্রম | আলোচ্য অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা রেলওয়ে স্টেশন (কমলাপুর) প্রান্তে মোনাজাত পরিচালনার নিমিত্ত একজন মাওলানাকে মনোনয়ন দিতে ডিজি, ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ জানাতে হবে। | ১। উপসচিব (ভূমি), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১৪ | অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/ কার্যালয়/সংস্থার<br>(ক) প্রধানমন্ত্রীর কার্যালয়<br>(খ) বিআর<br>(গ) বিসিসি,<br>(ঘ) বিটিসিএল<br>(ঙ) ব্যবস্থাপনা পরিচালক ডেসকো সাথে<br>সমন্বয়। | অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখা এবং নিজ নিজ দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানানো। | ০১। উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়। |

৪.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

৪.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রয়োজনে অন্য কর্মকর্তাগণের সহায়তা গ্রহণ করতে পারবে;

৪.২ ২৬ এপ্রিল ২০২২, দুপুর ১২:০০ ঘটিকায় একটি সংবাদ সম্মেলন করে উদ্বোধন অনুষ্ঠানের সংবাদটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াকে অবহিত করা হবে;

৪.৩ অনুষ্ঠানস্থলে ব্যবহৃত ফ্ল্যাগ, বাঁশি ও ট্রে আর্কাইভে সংরক্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৫। সভাপতি পরিশেষে কাজটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে যথাযথভাবে দায়িত্ব পালন করার জন্য সকলকে অনুরোধ জানান।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/08/2022

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়